ইত্তেফাক

তারিখ 28 MAY 2009
পৃষ্ঠা ... কলাম ...

ক্লাসে কম উপস্থিতি

# বাকৃবির তিন শতাধিক শিক্ষার্থীর ভর্তি বাতিলের সম্ভাবনা

॥ বাকৃবি সংবাদদাতা ॥

ক্লাসে ৬০ শতাংশের কম উপস্থিতি ও ক্লাস টেস্ট না দেয়ার কারণে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ২০০৯ শিক্ষাবর্ষে স্নাতক শ্রেণীর (লেভেল-১, সেমিস্টার-১) প্রায় সাড়ে তিন শতাধিক শিক্ষার্থীর ভর্তি বাতিলের মুখে। ভর্তি বাতিল ঠেকাতে বাকৃবি প্রশাসনের দ্বারে দ্বারে ঘুরেও কোন ফল পায়নি এসব শিক্ষার্থী। ভর্তি বহালের দাবিতে তারা গতকাল বুধবার বেলা ১টা থেকে ২টা পর্যন্ত প্রশাসনিক ভবনের সামনে মানববন্ধন কর্মসূচি পালন করে।

ভুক্তভোগী শিক্ষার্থীরা অভিযোগ করেন, বিশ্ববিদ্যালয় প্রশাসনের এটা নতুন নিয়ম, যা তাদের আগে জানানো হয়নি। ফাইনাল পরীক্ষার আগ মুহূর্তে (১৫শ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## বাকৃবির তিন শতাধিক

(১৬শ পৃঃ পর)

তারা জানতে পারে তাদের ভর্তি বাতিল হবে। ইতিমধ্যে ভেটেরিনারি অনুষদের ৫৪ জন শিক্ষার্থীর ভর্তি বাতিল করে তালিকা প্রকাশ করেছে ডিন অফিস। বিশ্ববিদ্যালয়ে অপর ৫টি অনুষদের ডিন কার্যালয়ের নির্ভরযোগ্য সূত্রে জানা যায়, কৃষি অনুষদের ১৪০ জন, মাৎস্যবিজ্ঞান অনুষদের ৪৫ জন, পশুপালন অনুষদের ৪০ জন, কৃষি প্রকৌশল ও কারিগর অনুষদের ৪৮ জন এবং কৃষি অর্থনীতি ও গ্রামীণ সমাজ বিজ্ঞান অনুষদের আনুমানিক ৫০ জন শিক্ষার্থীর ভর্তি বাতিলের সম্ভাবনা রয়েছে। খুব শিগগির এসব শিক্ষার্থীর তালিকা প্রকাশ হতে পারে।

এদিকে ভর্তি বহালের দাবিতে গতকাল বুধবার বেলা ১টা থেকে ২টা পর্যন্ত প্রশাসনিক ভবনের সামনে মানববন্ধন কর্মসূচি পালন করে এসব শিক্ষার্থী। এ সময় ভুক্তভোগী শিক্ষার্থীদের সাথে কথা বলেন বিশ্ববিদ্যালয়ের ছাত্র বিষয়ক উপদেষ্টা প্রফেসর ড. মো. আবুল খায়ের চৌধুরী, প্রক্টর প্রফেসর ড. মোহাম্মদ শামছুদ্দিন এবং সহকারী প্রক্টরবৃন্দ।

এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর প্রফেসর ড. মোহাম্মদ শামছুদ্দিন জানান, শিক্ষার্থীদের অভিযোগ ডিন কাউন্সিলের কাছে জানানো হয়েছে।